# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

## পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন

**বিষয় কোড ঃ ৭৬**

সময়-৩ঘন্টা [ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক] পূর্ণমান-১০০

*[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।*

**'ক' অংশ : ৫নং সহ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন: (৩×২০=৬০)**

১। ক) মুসলিম আইনের বিকাশে মতবাদসমূহ কীভাবে ভূমিকা রেখেছে? ব্যাখ্যা করুন।

খ) "মুসলিম আইনের পরবর্তী উৎসসমূহের ভিত্তি পূর্ববর্তী উৎসসমূহ।"-মুসলিম আইনের উৎসসমূহের আইনগত ভিত্তি উল্লেখে উদাহরণসহ ব্যাখ্যা করুন।

২। ক) ওয়াক্ফ ও ট্রাস্ট এর মধ্যে পার্থক্য করুন। ওয়াক্ফ প্রত্যাহার করা যায় কি?

খ) The Waqfs Ordinance, 1962 এর সংশ্লিষ্ট বিধান উল্লেখে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দিনঃ

i) ওয়াক্ফ সম্পত্তি হস্তান্তরযোগ্য কি?

ii) একজন অমুসলিম ওয়াক্ফ প্রশাসক হতে পারেন কি?

iii) কোন কোন অবস্থায় একজন ওয়াক্ফ এর সুবিধাভোগী বিশ্বাসভঙ্গের জন্য দায়ী হন?

iv) কোনো সম্পত্তি ওয়াক্ফ সম্পত্তি কিনা তৎসম্পর্কিত বিরোধ নিষ্পত্তির পদ্ধতি কী?

v) ওয়াক্ফ সম্পত্তি সংক্রান্ত আদালতে চলমান কোনো বিরোধ মুতাওয়ারি কর্তৃক আপোষ করার শর্তাবলি কী?

৩। ক) The right of shafaa arises only on sale, " ধারণাটি মুসলিম আইন অনুযায়ী ব্যাখ্যা করুন। শুফা অধিকারের উপরে বিক্রয় দলিল রেজিস্টেশনের প্রভাব আলোচনা করুন।

খ) 'হক শুফা' ও The State Acquisition and Tenancy Act, 1950 এর ৯৬ ধারার অধীনে অগ্রক্রয়-এর মধ্যে পার্থক্যসমূহ কী?

গ) একজন হানাফী মুসলিম, X, হক শুফার জন্য Y এর বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করেন। উক্ত মোকদ্দমা চলমান থাকাবস্থায় X মারা যান। X এর প্রতিনিধিগণ মোকদ্দমাটি চালাতে পারবেন কি? যুক্তিসহ উত্তর দিন।

৪। ক) নিম্নগতি বিষয়সমূহের উপর টিকা লিখুনঃ

অ) উত্তরাধিকারের ক্ষেত্রে বাধা; (আ) বাদ নীতি; ই) শিশুকন্যার হিজানাত।

খ) সংশ্লিষ্ট বিধান উল্লেখে নিম্নবর্ণিত হস্তান্তরসমূহের বৈধতা নিরূপণ করুনঃ

i) একজন হানাফি মুসলিম তার সম্পত্তি ০১/১২/২০২২ তারিখে তার অজাত (unborn) সন্তানকে দান করেন। উক্ত সন্তান ০১/০৩/২০২৩ তারিখে জন্ম গ্রহণ করেন।

ii) একজন হানাফি মুসলিম তার সম্পত্তি তার পিতামহ বরাবর উইল করেন। কিছুদিন পর ঐ পিতামহ, পিতা ও এক পুত্রকে রেখে উইলকারী মারা যান।

৫। একজন হানাফি মুসলিম ২০২২ সালে নিম্নবর্ণিত আত্মীয়গণকে রেখে মারা যান। কারণ উল্লেখপূর্বক আত্মীয়গণের মধ্যে তার রেখে যাওয়া সম্পত্তি বন্টন করুন।

ক) স্বামী, ২ পূর্ণ ভগ্নি ও মাতাঃ

খ) স্ত্রী ও পূর্ণ ভগ্নি;

গ) কন্যা, পুত্রের কন্যা, স্বামী, মাতা ও পূর্ণ ভগ্নি

ঘ) ২ কন্যা, স্বামী ও পূর্ণ ভগ্নি

ঙ) পিতার মাতা, মাতার মাতা ও পিতার পিতা।

**'খ' অংশ ঃ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দিন (১×২০=২০)**

৬। ক) নারীর সম্পত্তি ও স্ত্রীধন এর মধ্যে পার্থক্যসমূহ বর্ণনা করুন।

খ) সকল যৌতুকই স্ত্রীধন, কিন্তু সকল স্ত্রীধন যৌতুক নয়"-ব্যাখ্যা করুন।

গ) দায়ভাগ মতানুসারে কোন কোন ব্যক্তি উত্তরাধিকারসূত্রে হিন্দু নারীর যৌতুক পেতে পারেন?

৭। ক) "হিন্দু আইন অনুযায়ী উত্তরাধিকার অর্জনে অক্ষম ব্যক্তি আইনের চোখে মৃত।"-একজন ব্যক্তি কোন কোন কারণে তার পূর্ববর্তীর সম্পত্তি উত্তরাধিকারসূত্রে অর্জনে অক্ষম হয় তা উল্লেখে উক্তিটি ব্যাখ্যা করুন।

খ) নিম্নবর্ণিত আত্মীয়গণকে রেখে যাওয়া দায়ভাগ মতবাদের মৃত একজন হিন্দু ব্রাহ্মণের সম্পত্তি বন্টন করুনঃ

i) মাতা, ২ কন্যা, বিধবা, ভ্রাতা, ২ ভগ্নিঃ

ii) ২ ভ্রাতা, ৩ ভ্রাতুষ্পুত্র, পিতা, মাতাঃ

iii) মার্মা, প্রপিতামহ, পুত্রের কন্যার ২ পুত্রঃ

iv) পুত্র, মৃত পুত্রের পুত্র, অবৈধ পুত্র, পিতা, মৃত কন্যার পুত্র।

**'গ' অংশ ঃ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দিন: (১×২০=২০)**

৮। ক) The Family Courts Ordinance, 1985 এর ৫ ধারায় পারিবারিক আদালতের এখতিয়ার The Muslim Family Laws Ordinance, 1961 সাপেক্ষে প্রয়োগের বাধ্যবাধকতা থাকলেও পারিবারিক আদালতে অমুসলিমদের বিচারপ্রার্থী হওয়ার অধিকার কোন যুক্তিতে প্রতিষ্ঠা করা যায়? Pochon Rikssi Das Vs Khuku Rani Dasi [50 DLR 47] এর আলোকে উত্তর দিন।

খ) The Muslim Family Laws Ordinance, 1961-এ বিধৃত ভরণ-পোষণ সংক্রান্ত বিধি-বিধানগুলো আলোচনা করুন। ভরণ-পোষণ সংক্রান্ত ভিত্তির বিরুদ্ধে আপিল চলে কি? প্রাসঙ্গিক বিধান উল্লেখ করুন।

৯। ক) i ) The Muslim Family Laws Ordinance, 1961-এর অধীনে গঠিত সালিশী পরিষদ এর সংজ্ঞা দিন।

ii) যেক্ষেত্রে সালিশী পরিষদে কোনো এক পক্ষ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিনিধি মনোনয়নে ব্যর্থ হয় সেক্ষেত্রে কীভাবে সালিশী পরিষদ গঠিত হয়।

iii) যেক্ষেত্রে সংশ্লিষ্ট মেয়র বা চেয়ারম্যান অনুসলিম হন সেক্ষেত্রে সালিশী পরিষদ কীভাবে গঠিত হয়।

খ) "যদি তোমরা তাদের মধ্যে অনৈক্যের আশংকা কর, তবে স্বামীর আত্মীয়–স্বজন হতে একজন এবং স্ত্রীর আত্মীয়–স্বজন হতে একজন সালিশ নিযুক্ত কর। যদি উভয়ে মীমাংসা করিয়ে দেওয়ার ইচ্ছা করে, তবে আল্লাহ উভয়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা করবেন, নিশ্চয় আল্লাহ সব কিছু জানেন, সকল কিছুর খবর রাখেন। - The Family Courts Ordinance, 1985 এর অধীনে বিবাহ-বিচ্ছেদের ক্ষেত্রে পবিত্র কুরআনের বর্ণিত আয়াত এর প্রতিফলন ঘটেছে কি? মুসলিম আইন অনুযায়ী অন্যান্য ধরনের তালাকের ক্ষেত্রে বর্ণিত আয়াত প্রতিপালনের সুযোগ রয়েছে কি? আলোচনা করুন।

## [English Version]
## 16th BJS Examination, 2023
## Family Laws

**Part-A: Answer any three including question no five (3×20=60)**

1. a) How schools of law contributed to the development of Muslim law? Explain.
   b) "Subsequent sources of Muslim law are based on previous sources"-Explain with example the legal basis of sources of Muslim law.
2. a) Distinguish between 'waqf" and "trust". Can a waqf be revoked?
   b) Answer the following questions stating the relevant provisions of the Waqfs Ordinance, 1962:
      i) Is waqf property transferable?
      ii) Can a non-Muslim be an administrator of waqfs?
      iii) Under what circumstances a beneficiary of a waqf is liable for breach of trust?
      iv) What is the procedure to resolve a dispute as to whether a property is wagf property or not?
      v) What are the conditions for compromising, by a mutawalli, a dispute pending in a Court regarding a waqf property?
3. a) "The right of shufaa arises only on sale"- Explain the concept as per Muslim Law. Discuss the effect of registration of sale deed on the right of shufaa.
   b) What are the differences between haq shufaa and pre-emption under section 96 of the State Acquisition and Tenancy Act, 1950?
   c) 'X', a Hanafi Muslim files a suit for haq shufaa against Y. During the pendency of that suit, 'X' dies. Can the representatives of 'X' proceed with the suit? Answer with reasons.
4. a) Write short notes on the following:
      (i) Impediments to inheritance:
      (ii) Doctrine of Radd;
      (iii) Hizanat of minor daughter.
   b) Determine the validity of the following transactions with reference to relevant provisions:
      i) A Hanafi Muslim made a gift of his property to his unborn child on 01/12/2022. The child was born on 01/03/2023
      (ii) A Hanafi Muslim bequests his property in favor of his paternal grandfather. A few days later, the testator dies leaving behind that grandfather, father and a son.
5. A Hanafi Muslim died in 2022 leaving behind following relatives. Distribute his property to his heirs stating reasons therefore:
      (a) Husband, 2 Full Sisters and Mother;
      (b) Wife and Full Sister;
      (c) Daughter, Son's Daughter, Husband, Mother and Full Sister;
      (d) 2 Daughters, Husband and Full Sister;
      (e) Father's Mother, Mother's Mother and Father's Father.

**Part-B: Answer any one (1x 20-20)**

6. a) Describe the differences between women's estate and stridhana.
   b) "All yautakas are stridhanas but all stridhanas are not yautakas"- Discuss in detail.
   c) Who are entitled to inherit yataka of a woman by inheritance under the Dayabhaga School.
7. a) "A person unable to inherit is dead in the eye of law."- Explain this statement mentioning the grounds for which a person is excluded from inheriting his ancestor's property.

b) Distribute the property of a Dayabagha Hindu Brahmin who died leaving the following relatives:

i) Mother, 2 Daughters, Widow, Brother, 2 Sisters;

ii) 2 Brothers, 3 Brother's Sons, Father, Mother:

iii) Maternal Uncle, Father's Father's Father and 2 sons of Son's Daughter;

iv) Son, Pre-deceased Son's Son, Illegitimate Son, Father and Pre- deceased Daughter's Son.

## Part-C: Answer any one (1x 20-20)

8. a) Though section 5 of the Family Courts Ordinance, 1985 makes it obligatory for the Family Court to exercise its jurisdiction subject to the Muslim Family Laws Ordinance, 1961, what reasons can be assigned for establishing the right of the non-Muslim to seek relief under the Family Courts Ordinance, 1985? Answer with reference to Pochon Rikssi Das Vs. Khuku Rani Das [50 DLR 47].

b) Discuss the provisions relating to maintenance under the Muslim Family Laws Ordinance, 1961. Is appeal maintainable against a decree for maintenance? Mention relevant provisions.

9. a) i) Define Arbitration Council' constituted under Muslim Family Laws Ordinance, 1961.

ii) How an 'Arbitration Council' is constituted, if any party fails to nominate representatives to the 'Arbitration Council' within the specified time?

iii) How an 'Arbitration Council' is constituted, if the Mayor or Chairman concerned is a Non-Muslim?

b) "If you anticipate a split between them, appoint a mediator from his family another from hers. If they desire reconciliation, Allah will restore harmony between them. Surely Allah is All-Knowing, All-Aware."-Has this verse of the holy Quran been reflected in divorce under the Family Courts Ordinance, 1985? Is there scope for complying with the above verse in other forms of talaq under the Muslim Law? Discuss.


নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার